

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পর্যায়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :**


সভাপতি	: ড. ফারুক আহাম্মদ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
সভার তারিখ	: ২১ আগস্ট ২০২২
সময়	: দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান	: শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সরকারি কর্মচারী হিসেবে আমরা জনগণের নিকট দায়বদ্ধ। সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করা এবং সরকারি নীতি পরিপন্থি কোন কাজ না করা এবং স্বচ্ছতা ও দ্রুততার সাথে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার বিষয়টি নিশ্চিত করতে বলেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণের প্রান্তিক ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে সকলের সম্মতিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	কমিটির সভা আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ	মন্ত্রিপরিষদ বিভাগ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতি কোয়ার্টারে জেলা ও উপজেলা নৈতিকতা কমিটির সভা নিয়মিত আহ্বান এবং অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।	সদস্য সচিব জেলা পর্যায়ে নৈতিকতা কমিটি এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	চাকরিতে স্বচ্ছতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, দক্ষতা ও নৈতিকতা উন্নয়নে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণের পাশাপাশি শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক কর্মকর্তা সংস্থাপন শাখা
৪.	কর্ম পরিবেশ উন্নয়ন	কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন, প্রযুক্তিগত সুযোগ সুবিধা বৃদ্ধি, পুরাতন নথি বিনষ্টকরণের মাধ্যমে কর্মপরিবেশ উন্নয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) উপজেলা নির্বাহী অফিসার (সকল) সহকারী কমিশনার (ভূমি)(সকল)
৫.	তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়ন	স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য প্রদান নিশ্চিত করা, তথ্য প্রদান পদ্ধতি, তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তার তালিকা হালনাগাদ করে জেলা ওয়েব সাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার অভিযোগ তথ্য শাখা আইসিটি শাখা
৬.	দুর্নীতি প্রতিরোধ ও অভিযোগ প্রতিকার	দুর্নীতির সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা করা, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল নিষ্পত্তি কর্মকর্তা হালনাগাদ করে ওয়েবসাইটে তথ্য প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) উপজেলা নির্বাহী অফিসার (সকল) সহকারী কমিশনার (ভূমি) (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২১/০৮/২০২২

(ড. ফারুক আহাম্মদ)

জেলা প্রশাসক

সিরাজগঞ্জ

ফোনঃ ০৭৫১-৬২৩৮৫

dcsirajganj@mopa.gov.bd

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
- ৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), সিরাজগঞ্জ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... সিরাজগঞ্জ।
- ৯। সহকারী কমিশনার (ভূমি)(সকল) ..... সিরাজগঞ্জ।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ১১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (তাকে পত্রটি জেলা ওয়েব পোর্টালের শুদ্ধাচার সেবা বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ১২। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
- ১৩। অফিস কপি

*Rashed*

২১/০৮/২০২২

(রাশেদ হোসাইন)

সহকারী কমিশনার

জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

ফোনঃ ০২৫৮৮৮৩০২৬৬

ই-মেইলঃ gen.dcsiraj@yahoo.com